

১৯/১০/৮৬

তারিখ 1-9-FEB 1987  
পৃষ্ঠা... ১... ১...



সরকারী কলেজে শিক্ষকের

২২১৪টি পদ শূন্য

৥ সংসদ রিপোর্টার ॥  
শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান জানিয়েছেন যে বর্তমানে সরকারী কলেজসমূহে শিক্ষকের ২ হাজার ২১৪টি পদ শূন্য রয়েছে।  
জাসদ (সিরাজ) এর জাতীয় সংসদ সদস্য খন্দকার মোঃ খুররমের দেশে সরকারী কলেজসমূহে শিক্ষকের কতোগুলি পদ খালি আছে শীর্ষক প্রশ্নের জবাবে গতকাল বুধবার জাতীয় সংসদ অধিবেশনে শিক্ষামন্ত্রী এই তথ্য প্রকাশ করেন। তিনি জানান, সরকারী কলেজসমূহে মঞ্জুরি-  
(শেষ পৃ: ৩-এর ক: ৮)

02

পদ শূন্য

(১ম পাতার পর)

কৃত শিক্ষক পদের সংখ্যা ৭ হাজার ৭৩৯টি। এর মধ্যে অধ্যক্ষ অধ্যক্ষার ৮টি উপাধ্যক্ষ/উপাধ্যক্ষার ৪৮টি, অধ্যাপক/অধ্যাপিকার ৯৬টি, সহযোগী অধ্যাপক অধ্যাপিকার ৭৬৪টি, সহকারী অধ্যাপক/অধ্যাপিকার ৩৬৪টি এবং প্রভাষক প্রভাষিকার ৯৩৪টি পদ খালি আছে।

অপর এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান যে, মডাইল ভিক্টোরিয়া সরকারী মহাবিদ্যালয়ে ৩১ জন শিক্ষক কর্মরত আছেন। এখানে ২১টি পদ শূন্য আছে। আগামী মে/জুন মাস নাগাদ শূন্য পদগুলি পূরণ করা হবে বলে তিনি উল্লেখ করেন।

শিক্ষিতের হার ২৯.২ শতাংশ আওয়ামী লীগের জাতীয় সংসদ সদস্য অধ্যক্ষ আবুল কালাম মজুমদারের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী জানান, ১৯৮১ সালের আদম শুমারি অনুযায়ী দেশে ১৫ থেকে তার বেশী বয়সের শিক্ষিতের হার শতকরা ২৯ দশমিক ২ ভাগ। এর মধ্যে ৩৯ দশমিক ৭ শতাংশ পুরুষ ও ১৮ শতাংশ মহিলা।

২.৫৫ শতাংশ মহিলা কর্মজীবী অধ্যক্ষ আবুল কালাম মজুমদারের এক প্রশ্নের জবাবে সমাজ-কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী ব্যারিষ্টার রাবিয়া উইয়া জানান, সরকারী পরিসংখ্যান অনুযায়ী বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা ২ দশমিক ৫৫ ভাগ মহিলা কর্মজীবী হিসেবে নিয়োজিত আছেন।